গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি,কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা।

স্মারক নম্বর : ৪৯.০১.০০০০.০০২.১৪.০০৮.১৭. তারিখঃ .০১.২০১৭খ্রিঃ।

বিষয় ঃ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ইনোভেশন কার্যক্রম গতিশীলভাবে বাস্তবায়নে মেন্টর ও মেন্টিদের সমন্বয়ে সভার কার্যবিবরণী।

মেন্টর	:	জনাব তাজুল ইসলাম, পরিচালক (কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
তারিখ	:	২২/০১/২০১৭খ্রিঃ।
সময়	:	সকাল ১০:০০ ঘটিকা।
স্থান	:	জনাব তাজুল ইসলাম, পরিচালক (কর্মসংস্থান), এর অফিস কক্ষ।

০১। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

০২। জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ইনোভেশন কমিটির মেন্টর ও বিএমইটির পরিচালক (কর্মসংস্থান), জনাব মোঃ তাজুল ইসলামের সভাপতিত্বে/নেতৃত্বে মেন্টিদের সমন্বয়ে তার অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হয়। মেন্টর উপস্থিত মেন্টিদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিএমইটি'র ইনোভেশন কার্যক্রম গতিশীলভাবে বাস্তবায়নে ও বিএমইটি'র প্রদেয় নাগরিক ও দাপ্তরিক সেবাসমূহ সহজীকরণ করে সেবা প্রত্যাশীদের নিকট পৌছে দেয়া এবং বিএমইটি'কে অধিকতর সেবামূলী প্রতিষ্ঠান হিসেবে পরিণত করার লক্ষ্যে বিএমইটি'র সদর দপ্তরে মেন্টর ও মেন্টি সমন্বয়ে গত ২২/০১/২০১৭ খ্রিঃ উক্ত সভার আহবান করা হয়।

০৩। ইনোভেশন কার্যক্রমে বিএমইটি'র মেন্টর জনাব মোঃ তাজুল ইসলাম, পরিচালক (কর্মসংস্থান), মেন্টিদের বিএমইটি ও এর অধিনস্থ দপ্তরসমূহে ২০১৬ খ্রিঃ যে দাপ্তরিক ও নাগরিক সেবাসমূহ সহজীকরণ করা হয়েছে তা সকল মেন্টিদের সামনে তা তুলে ধরেন (সংলাগ-"ক")। তিনি সেবা সহজীকরণার্থে সেবা প্রদানে সমস্যার জায়গা/ক্ষেত্র সমূহ চিহ্নিত করে তা সমাধানে নতুন নতুন পন্থা উদ্ভাবন প্রক্রিয়া চলমান রাখার অনুরোধ জানান।

০৪। মেন্টি ড. প্রকৌ. মোঃ সাকাওয়াৎ আলী, অধ্যক্ষ, বিকে-টিটিসি, মিরপুর,ঢাকা জানান, ২০১৬ সালে a2i এর সহায়তায় বিকে-টিটিসি'তে E-Learning Platform for Migrant Workers প্রকল্প পাইলটিং হিসাবে চালুর জন্য বিএমইটি'র ইনোভেশন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত ছিল, যা সফলভাবে বিকে-টিটিসি, ঢাকায় বাস্তবায়িত হয়েছে। ফলে বিদেশগমনেচ্ছু কর্মীগণ মোবাইলে এ্যাপসটি ডাউনলোড করে প্রশিক্ষণ প্রস্তুতি গ্রহন করতে পারে। সফল বাস্তবায়নের প্রেক্ষিতে তা অন্যান্য টিটিসিসমূহেও বাস্তবায়ন করা হচ্ছে। এক্ষেত্রে Test case হিসেবে নারী কর্মীদের গৃহকর্মী পেশায় প্রশিক্ষণ দেয়া হচ্ছে। তবে তিনি জানান, এই প্রকল্প বাস্তবায়নে সফলতা অর্জনের ফলে আরও ০৫টি ট্রেড যথাক্রমে অটোমেটিভ, আরএসি, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল ও গামেন্টসকে ই-লার্নিং প্লাটফর্মের আওতায় আনার জন্য প্রকল্প হাতে নেয়া হয়েছে। Content development এর কাজ চলছে। প্রকল্প বাস্তাবায়নে রাজস্বখাত হতে অর্থ বরাদ্দ চাওয়া হয়েছে। বাজেট বরাদ্দ পাওয়ার পর কার্যক্রম শুরু করা সম্ভব হবে। তিনি আরও জানান একার্যক্রম সমূহ সফলভাবে বাস্তবায়নে নিজস্ব studio স্থাপনের প্রয়োজন রয়েছে। এ পদ্ধতিতে E-Learning প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি অনলাইনে প্রশিক্ষণ সনদ যাচাই এবং প্রদান করা সম্ভব হবে।

০৫। বিদেশগমনেচ্ছু কর্মীদের তথ্য সহায়তা প্রদানের লক্ষ্যে অধিকহারে বিদেশ গমনকৃত দেশসমূহের Country specific গাইড লাইন প্রস্তুতের বিষয়ে আলোচনা হয়। Country specific গাইড লাইনে দেশসমূহের ভৌগলিক ও সামাজিক অবস্থান, কাজের সুযোগ, ভাষা, সংস্কৃতি, আইন ইত্যাদি বিষয়ে অন্তর্ভুক্ত থাকবে, যাতে বিদেশগমনেচ্ছু কর্মীগণ সহজেই সে দেশ সম্পর্কে প্রাথমিক একটি ধারনা পেতে পারেন। মেন্টর জনাব মোঃ তাজুল ইসলাম, পরিচালক (কর্মসংস্থান), মেন্টি ও সহকারী পরিচালক, ডিইএমও, বগুড়ার জনাব মোঃ আতিকুর রহমান'কে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ন্যূনতম ০৮টি দেশের তথ্য সম্বলিত Country specific গাইড লাইন প্রস্তুত করে বিএমইটি'র প্রাশাসন শাখায় প্রেরণের অনুরোধ জানান। তিনি আরও উল্লেখ করেন ইনোভেশন একটি চলমান প্রক্রিয়া। দপ্তরের সেবাসমূহ'কে কিভাবে সময়, অর্থ ও ভিজিট সাশ্রয়ে এবং সেবার গুনগত মান আরও বৃদ্ধি করে সেবাসমূহ সহজেই বিদেশগমনেচ্ছু সেবা প্রত্যাশিদের হাতের নাগালে পৌছে দেয়া যায় সে প্রচেষ্টা অব্যাহত রাখার পরামর্শ দেন।

০৬। মেন্টি জনাব জোহরা মনসুর জানান, ২০১৭ খ্রিঃ প্রশাসন শাখার দাপ্তরিক সেবা সহজিকরণ করে পেনশন ও লাম্পগ্রান্ট মঞ্জুরী সংক্রান্ত তথ্য কর্মকর্তা/কর্মচারীদের মোবাইলে দেয়ার ব্যবস্থা নেয়া হয়েছে। এতে তাদের ভিজিট, সময় ও অর্থ হ্রাস পাবে এবং বিএমইটির দাপ্তরিক সেবার মান উন্নীত হবে।

সিদ্ধান্ত :-

১) মেন্টিগণ তাদের কার্যক্রম অব্যাহত রাখবে। এ বিষয়ে যে কোন সমস্যা সৃষ্টি হলে মেন্টরের নিকট হতে পরামর্শ গ্রহণ করবে।

২) মেন্টর ও মেন্টিগণের সমন্বয়ে নিয়মিত ২ মাস অন্তর সভার আয়োজন করা হবে।

৩) বিকে-টিটিসি, মিরপুর,ঢাকায় ২০১৬ সালে a2i এর সহায়তায় গৃহকর্মী পেশায় E-Learning Platform for Migrant Workers প্রকল্প পাইলটিং হিসাবে চালুর জন্য বিএমইটি'র ইনোভেশন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত ছিল, যা সফলভাবে বিকে-টিটিসি, ঢাকায় বাস্তবায়িত হয়েছে। তা সকল টিটিসিতে গৃহকর্মী পেশায় প্রদেয় প্রশিক্ষনে বাস্তবায়নের সুপারিশ করা হয়।

৪। যশোর টিটিসি কর্তৃক উদ্ভাবিত ''ডিজিটাইজড শিক্ষা ব্যবস্থাপনা'' কার্যক্রম চালু রাখার জন্য অধ্যক্ষ, টিটিসি যশোর জনাব রাশেদুল ইসলাম'কে অনুরোধ জানান এবং অন্যান্য টিটিসিসমূহে বাস্তবায়নের সুপারিশ করা হয়।পরবর্তী অনুষ্ঠিত সভায় টিটিসি যশোরের চীফ ইন্সট্রাক্টর জনাব নেওয়াজ শরীফ-কে উদ্ভাবক ও মেন্টি হিসাবে উপস্থিত থাকার সুপারিশ গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় মেন্টর সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৭/১৭

মোঃ তাজুল ইসলাম
মেন্টর (ইনোভেশন কার্যক্রম)
ও পরিচালক (কর্মসংস্থান)
বিএমইটি, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. জনাব কবির বিন আনোয়ার, প্রকল্প পরিচালক, এটুআই কর্মসূচী, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. জনাব মোঃ তাজুল ইসলাম, পরিচালক ও ইনোভেশন মেন্টর, (কর্মসংস্থান)/(প্রশাসন ও অর্থ), বিএমইটি, ঢাকা।
৩. ড. প্রকৌশলী মোঃ সাকাওয়াৎ আলী, অধ্যক্ষ, বি-কে টিটিসি, মিরপুর, ঢাকা।
৪. জনাব দেওয়ান মোঃ নজমুল হক, উপ পরিচালক (প্রশিক্ষণ), বিএমইটি, ঢাকা।
৫. জনাব জোহরা মনসুর, উপ পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএমইটি, ঢাকা।
৬. জনাব মোঃ রাশেদুল ইসলাম, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), টিটিসি, যশোর।
৭. জনাব মোঃ আতিকুর রহমান, সহকারী পরিচালক, ডিইএমও, বগুড়া।
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা।